

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪২১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (باب الْمَلَاحِم)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَنْزِلَ الرُّومُ بِالْأَعْمَاقِ أَوْ بِدَابِقَ فَيَخْرُجُ إِلَيْهِمْ جَيْشٌ مِنَ الْمَدينَةِ مِنْ خِيَارِ أَهْلِ الْأَرْضِ يَوْمَئِذِ فَإِذَا تَصَافُوا قَالَتِ الرُّومُ: خَلُوا بَيْنَنَا وَبَيْنَ الَّذِينَ سَبَوْا مِنَّا نُقَاتِلْهُمْ فَيَقُولُ الْمُسْلِمُونَ: لَا فَإِذَا تَصَافُوا قَالَتِ الرُّومُ: خَلُوا بَيْنَنَا وَبَيْنَ الَّذِينَ سَبَوْا مِنَّا نُقَاتِلْهُمْ فَيَقُولُ الْمُسْلِمُونَ: لَا وَاللَّهِ لَا يُخْرِي بَيْنَكُمْ وَبَيْنَ إِخْوَانِنَا فَيُقَاتِلُونَهُمْ فَيَنْهَرِمُ ثُلُثُ لَا يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ أَبَدًا وَيُقْتَلُ وَاللَّهُ مَا اللَّهُ عَلَيْهِمْ أَلَدْ لَا يَعُوبُ اللَّهُ عَلَيْهِمْ أَبُدًا وَيُقْتَلُ وَاللَّهُ مَلْ اللَّهُ عَلَيْهِمْ اللَّهُ عَلَيْهِمْ أَلْدُ لَا يُقْتَتِحُونَ قسطنطينية فَبينا فَمُ عَنْ اللَّهُ عَلَيْهِمْ أَلْدُ لَا يُقْتَتِحُونَ قسطنطينية فَبينا هُمْ يَقْتُلُ هُمْ يَقْتُلُ اللَّهُ مَلَالُ يُسْولُونَ الْعَنْفِي مَا اللَّهُ مَلِكَ وَلَاكَ بَاطِلٌ قَإِذَا جَاؤُوا الشَامَ خرجَ فَبينا هُمْ يُعِدُونَ خَلَقَكُمْ فِي أَهْلِيكُمْ فَيَحْرُجُونَ وَذَلِكَ بَاطِلٌ فَإِذَا جَاؤُوا الشَامَ خرجَ فَبينا هُمْ يُعِدُونَ لَلْقَتُلُ يُسُولُونَ الصَّفُوفَ إِذْ أُقِيمَتِ الصَّلَاةُ فَينزل عِيسَى بن مَرْيَمَ فَأَمَّهُمْ فَإِذَا رَآهُ عَدُولَ لَلْقَالُ بِيمِوهُ وَلَاكَ وَلَكِنْ يَقْتُلُهُ اللَّهُ بِيَدِهِ فَيريل عَلَى يَفُولُكَ وَلَكِنْ يَقْتُلُهُ اللَّهُ بِيَدِهِ فَيريل عَيسَى بن مَرْيَمَ فَأَمَّهُمْ فَإِذَا رَآهُ عَدُولُ اللَّهُ بِيدِهِ فَيريل عَلَي يَمُلِكَ وَلَكِنْ يَقْتُلُهُ اللَّهُ بِيدِهِ فَيريل عَلَمْ فَي يَوْلِكَ وَلَكِنْ يَقْتُلُهُ اللَّهُ بِيدِهِ فَيريل عَلَى الْمَاءِ فَلَوْ تَرَكَهُ لَانْذَابَ حَتَّى يَهْلِكَ وَلَكِنْ يَقْتُلُهُ اللَّهُ بِيدِهِ فَيرَالَ عَلَى اللَّهُ عَلَى عَلَى الْمَاءِ فَلَو اللَّهُ اللَّه

رواه مسلم (34 / 2897)، (7278) ۔ (صَحِیح)

বাংলা

৫৪২১-[১২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ পর্যন্ত না রূমকগণ (রোমানগন) (মুসলিমদের বিরুদ্ধে) আ'মাক অথবা দাবিক নামক স্থানে অবতরণ করবে এবং মদীনার তৎকালীন উত্তম লোকদের একটি সেনাদল তাদের মোকাবিলায় বের হবে। যুদ্ধের জন্য যখন মুসলিমগণ সারিবদ্ধ হবে, তখন রূমকগণ বলবে, তোমাদের যারা আমাদের সাথে যুদ্ধ করে



আমাদের কিছু সংখ্যক লোকজনকে বন্দি করে নিয়ে এসেছ। তাদের সাথে আমরা যুদ্ধ করব। মুসলিমগণ বলবেন, আল্লাহর শপথ! এটা কখনো হতে পারে না। আমরা আমাদের সেই সকল মুসলিম ভাইদেরকে তোমাদের সাথে যুদ্ধ করার জন্য ছেড়ে দিতে পারি না। এরপর মুসলিমগণ রূমক কাফিরদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে, কিন্তু মুসলিমদের এক-তৃতীয়াংশ রূমকদের মোকাবিলা থেকে পলায়ন করবে। আল্লাহ তা'আলা এই পলায়নকারীদের তাওবাহ্ কখনো গ্রহণ করবেন না। আর এক তৃতীয়াংশ নিহত হবে, তারা আল্লাহ তা'আলার নিকট উত্তম শহীদ হিসেবে গণ্য হবে। আর এক-তৃতীয়াংশ রূমকদের ওপর বিজয়ী হবে, আল্লাহ তা'আলা তাদেরকে কখনো ফিতনায় ফেলবেন না। অবশেষে তারাই কনস্টান্টিনোপল জয় করবে। অতঃপর যখন তারা গনীমতের মাল-সম্পদ ভাগ করণে ব্যস্ত হবে এবং তাদের তরবারিসমূহ যায়তুন গাছের সাথে ঝুলিয়ে রাখবে, ঠিক এ সময় হঠাৎ শয়তান এ ঘোষণা দেবে যে, তোমাদের অনুপস্থিতিতে মাসীহে দাজ্জাল তোমাদের বাড়িঘরে ঢুকে পড়েছে। এতদশ্রবণে মদীনার সেই সেনাদল সেদিকে বের হয়ে পড়বে। অথচ সেই ঘোষণাটি সম্পূর্ণ মিথ্যা। যখন মুসলিমগণ কনস্টান্টিনোপল ছেড়ে সিরিয়ায় প্রবেশ করবে তখনই দাজ্জালের আগমন ঘটবে। এ সময় মুসলিমগণ দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করতে প্রস্তুতি নিতে থাকবে এবং সারিবদ্ধভাবে দাঁড়িয়ে যাবে, তৎক্ষণাৎ সালাতের উদ্দেশে (মুয়াযযিন কর্তৃক) ইকামত দেয়া হবে এবং এ মূহুর্তে 'ঈসা ইবনু মারইয়াম (আঃ) আকাশ থেকে (দামিশকের জামে মসজিদের মিনারায়) অবতরণ করবেন এবং মুসলিমদের ইমামতি করে সলাত আদায় করাবেন। অতঃপর যখন আল্লাহর শক্র (দাজ্জাল) তাঁকে দেখতে পাবে, তখন সে এমনিভাবে গলে যেতে থাকবে যেমনিভাবে লবণ পানিতে গলে যায়। আর যদি ঈসা (আঃ) তাকে এমনিতেই ছেড়ে দিতেন, তবুও সে এমনিতেই গলে ধ্বংস হয়ে যেত, কিন্তু আল্লাহ তা'আলা তাকে 'ঈসা (আঃ) যে বর্শা দিয়ে তাকে হত্যা করবেন, রক্তমাখা সে বর্শাটি তিনি লোকেদের সকলকেই দেখাবেন। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৩৪-(২৮৯৭), সহীহুল জামি' ৭৪৩৩, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : আ'মাক এবং দাবিক এ দু'টি সিরিয়ার আলেপ্পো নগরীর কাছাকাছি প্রসিদ্ধ স্থানের নাম। আর কুসতুনতুনিয়্যাহ্ হলো রোমের প্রসিদ্ধ বড় শহরগুলোর মধ্য হতে একটি বড় শহর। (শারুহুন্ নাবাবী ১৮ খণ্ড, পৃষ্ঠা ৪২২-২২৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন